# সংস্কার উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা - সউবাক
# (Reform Initiative Implementation Action Plan - RIIAP)

Title of the Initiative:

## প্রবাসীদের ভোটার নিবন্ধন সহজীকরণ: বালিজুড়ি ইউনিয়নে ওয়ান স্টপ সার্ভিস (ভোটার রেজিস্ট্রেশন, এনআইডি ও স্থানান্তর সেবা) পাইলটিং প্রকল্প


- উদ্যোগী কর্মকর্তার নাম: **মোহাম্মদ শরিফুল ইসলাম**
- পদবি: **উপজেলা নির্বাচন অফিসার**
- কর্মস্থল: **তাহিরপুর, সুনামগঞ্জ**
- **এসএফটিসি রোল- ১১২**

# ১. গভর্নেন্স সমস্যার বর্ণনা (Problem Identification)

## (সমস্যার কারণ ও ফলাফল)

**কারণ:**

- প্রবাসীদের ভোটার কীতালিকায় অন্তর্ভুক্তির হার তুলনামূলক কম
- প্রবাসীদের ভোটার নিবন্ধনে বহু-পর্যায়ভিত্তিক প্রক্রিয়া (ইউনিয়ন পরিষদ, উপজেলা নির্বাচন অফিসে একাধিকবার যাতায়াত)
- প্রয়োজনীয় কাগজপত্রের জটিলতা (কী কী কাগজপত্র লাগবে তা না জানা) ও বিদেশি ডকুমেন্টের স্বীকৃতির অভাব।
- স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয়হীনতা ও তথ্যের অপ্রতুলতা
- ভোগান্তির কারণে প্রবাসীদের ভোটার হতে অনীহা এবং এনআইডি ও স্থানান্তর সেবা প্রাপ্তিতে জটিলতা

**ফলাফল:**

- ৬৫% প্রবাসী ভোটার তালিকার বাইরে অবস্থান করছে (বালিজুড়ি ইউনিয়নের আনুমানিক ১,২০০ প্রবাসীর মধ্যে মাত্র ৪২০ জন নিবন্ধিত)
- নিবন্ধনে গড় সময় লাগছে ১২-১৫ দিন, বারবার অফিসে যোগাযোগে জনগণের অর্থের অপচয় হয় যা জনপ্রতি আনুমানিক ২০০০/- এর উপরে

# ২. সংস্কার উদ্যোগের বর্ণনা (Wayout & Result)
# (পাইলটিং বিবেচনায় নিয়ে সমস্যা সমাধানের উপায় ও ফলাফল)

## সমাধান:

- উপজেলা নির্বাচন অফিসে ***একক কাউন্টার সিস্টেম*** চালু (নিবন্ধন, ডকুমেন্ট ভেরিফিকেশন, বায়োমেট্রিক্স একসাথে)
- ***স্থানীয় ভলান্টিয়ার নেটওয়ার্ক গঠন*** করে বাড়ি বাড়ি তথ্য সংগ্রহ ও সাহায্য।
- উপজেলা অফিসে ***প্রবাসী কর্ণার*** স্থাপন এবং প্রবাসীদের ওয়ান স্টপ সার্ভিস প্রদান।

## প্রত্যাশিত ফলাফল:

- নিবন্ধন সময় ৩ দিনে কমানো, সম্ভব হলে একবারেই প্রবাসীদের অফিসে এনে ভোটার করানো, ভোটারদের বাড়তি খরচ কমানো
- ভোটারদের ওয়ান স্টপ সার্ভিস প্রদান; এক ছাতার নিচে ভোটার রেজিস্ট্রেশন, এনআইডি ও স্থানান্তর সেবা প্রদান
- সংশ্লিষ্ট ইউনিয়নে ৯৫% এর বেশি প্রবাসীর ভোটার তালিকায় অন্তর্ভুক্তি

# ৩. সংস্কার উদ্যোগের প্রস্তাবিত পরিসংখ্যান

(ক) পাইলট সংস্কার উদ্যোগের শিরোনাম: *"প্রবাসীদের ভোটার নিবন্ধন সহজীকরণ: বালিজুড়ি ইউনিয়নে ওয়ান স্টপ সার্ভিস (ভোটার রেজিস্ট্রেশন, এনআইডি ও স্থানান্তর সেবা) পাইলটিং প্রকল্প"*

(খ) কোন্ প্রতিষ্ঠান উদ্যোগটি বাস্তবায়ন করবে?- *তাহিরপুর উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়*

(গ) কোথায় পাইলটিং হবে? পাইলটিং বিবেচনার যৌক্তিকতা কী?- *তাহিরপুর উপজেলার বালিজুড়ি ইউনিয়নে।*

*উক্ত উপজেলাটি হাওর এলাকায় অবস্থিত। ইউনিয়নভিত্তিক ডাটা বিশ্লেষণ করে জানা যায়, উপজেলার বালিজুড়ি ইউনিয়নে প্রবাসী নিবন্ধনে ব্যর্থতার হার প্রাইয় ৭০%।*

(ঘ) পাইলটিং কখন শুরু এবং কখন সমাপ্ত হবে? - *১ সেপ্টেম্বর ২০২৫ - ৩০ নভেম্বর ২০২৫*

(ঙ) পাইলটিং এর ফলে কতজন ব্যক্তির কী উপকার হবে এবং কী পরিমাণ অর্থের সাশ্রয় হবে?- *বালিজুড়ির প্রায় ৭৮০ জন প্রবাসী সহজে ভোটার হিসেবে নিবন্ধিত হতে পারবেন এবং এনআইডি পাবেন। একইসাথে তাদের সময় (প্রায় ৭০%) ও অর্থ (প্রায় ৭৫%) সাশ্রয় হবে।*

# ৪. পাইলট বাস্তবায়নের সাথে কারা-কারা সম্পৃক্ত হবেন এবং তাদেরকে কীভাবে কাজে লাগানো যাবে? (Stakeholder Analysis & their Management)

| স্টেকহোল্ডার | দায়িত্ব |
|---|---|
| উপজেলা নির্বাচন অফিস | সার্বিক সমন্বয়, প্রযুক্তি সরবরাহ, ডাটা ভেরিফিকেশন |
| উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | স্থানীয় কাগজাদি(অনলাইন জন্ম সনদ, নাগরিক সনদ, যাচাইকারী হিসেবে স্বাক্ষর ইউপি মেম্বার/চেয়ারম্যানের) সরবরাহ, স্থানীয় প্রচার, ভলান্টিয়ার বাছাই |
| স্থানীয় স্কুল/কলেজ, ভলান্টিয়ার গ্রুপ | শিক্ষার্থীদের ভলান্টিয়ার হিসেবে নিয়োগ, ইউনিয়নে ভোটার এলাকা অনুযায়ী ভাগ করে (মোট ২৫ জন) |
| মিডিয়া, ধর্মীয় প্রতিষ্ঠান, প্রবাসী অ্যাসোসিয়েশন/ বিভিন্ন ট্রাভেল এজেন্সি | দেশে/বিদেশে প্রকল্পের তথ্য প্রচার, ডকুমেন্ট প্রস্তুতি সহায়তা |

# ৫. পাইলট সংস্কার বাস্তবায়নে বিভিন্ন ধরণের রিসোর্স কীভাবে কী প্রয়োজনে কাজে লাগানো হবে? (Resource Mobilization)

| সম্পদ | প্রয়োজনীয়তা |
|---|---|
| **আর্থিক বিষয়াদি** | সরঞ্জাম, প্রচার, প্রশিক্ষণ, ভলান্টিয়ার ও অপারেটর ভাতা~আর্থিক মূল্য আনুমানিক ১০ লক্ষ টাকা |
| **প্রযুক্তি** | ল্যাপটপ(৫), বায়োমেট্রিক স্ক্যানার (৫), ফিঙ্গারপ্রিন্ট (৫) প্রিন্টার (১) |
| **মানবসম্পদ** | নির্বাচন কর্মকর্তা (২), ভলান্টিয়ার (২৫), ডাটা এন্ট্রি অপারেটর (৫) |
| **লজিস্টিক** | ***ভ্রাম্যমান মোটর পরিবহন*** (বয়স্কদের বায়োমেট্রিক গ্রহণের জন্য অফিসে আনয়ন ও ক্যাম্পেইনের নিমিত্তে), নির্বাচন অফিসে ***প্রবাসী কর্ণার*** স্থাপনের জন্য অবকাঠামো , ইউনিয়ন পরিষদে ***ডেডিকেটেড প্রবাসীদের জন্য আলাদা কাউন্টার*** |

# ৬.সংস্কার উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিস্তারিত কার্যক্রম

## (Details of Activities)

| ক্রম | কার্যক্রম | কে বাস্তবায়ন করবে | বাস্তবায়নের নির্ধারিত সময় | সমন্বয়ের বিষয়/মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | স্টেকহোল্ডার ওয়ার্কশপ, ভলান্টিয়ার বাছাই ও প্রশিক্ষণ, সেবা কাউন্টার ও ডিজিটাল সরঞ্জাম স্থাপন | উপজেলা নির্বাচন অফিস ও ইউনিয়ন পরিষদ | সপ্তাহ ১-৪ | |
| ০২ | প্রবাসীদের তালিকা তৈরি (ইউপি ডাটা + স্থানীয় জরিপ), সপ্তাহে অন্তত ৩ দিন ইউনিয়ন পরিষদে কাউন্টার সেবা, ভলান্টিয়ারদের মাধ্যমে ৯টি ওয়ার্ডে ডোর-টু-ডোর প্রচার | উপজেলা নির্বাচন অফিস ও ইউনিয়ন পরিষদ | সপ্তাহ ৫-৮ | |
| ০৩ | নিবন্ধন ডাটা যাচাই, সেবা গ্রহীতাদের ফিডব্যাক সংগ্রহ, চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত ও অনুমোদন | উপজেলা নির্বাচন অফিস | সপ্তাহ ৯-১২ | |

# ৭. পাইলট সংস্কার উদ্যোগটি এগিয়ে নিয়ে যাওয়া, এর বন্ধ হওয়া রোধ করা, অভীষ্ট গ্রুপের নিকট এটিকে জনপ্রিয় করা, মনিটরিং কার্যক্রম এবং এর রেপ্লিকেট/রোলিং আউটসহ টেকসইকরণ বিষয়ে কী-কী কৌশল গ্রহণ করা হবে? (Sustainability Strategies)

***জনপ্রিয়তা বৃদ্ধি:***

- সফল নিবন্ধিত প্রবাসীদের সাক্ষাৎকার
- স্থানীয় মিডিয়ায় প্রচার
- ফেইসবুকে ***বালিজুড়ি মডেল*** পেইজ তৈরি করে অগ্রগতি শেয়ার।

***মনিটরিং:***

- সাপ্তাহিক ড্যাশবোর্ড রিপোর্ট (নিবন্ধন সংখ্যা, সময়, খরচ)
- তৃতীয় পক্ষের মাধ্যমে ***সেবা মান মূল্যায়ন*** (স্থানীয় এনজিও)

***রোল আউট পরিকল্পনা:***

- পাইলট সফল হলে তাহিরপুরের ৬টি ইউনিয়নে সম্প্রসারণ (ডিসেম্বর ২০২৫ থেকে)
- নির্বাচন কমিশনে মডেল উপস্থাপন (ডিসেম্বর ২০২৫)।

***ধারাবাহিকতা:***

- প্রবাসী কর্ণারে ওয়ান স্টপ সার্ভিস চালু রাখা
- ***প্রবাসী ভোটার সেবা*** এপস তৈরি
- ইউনিয়ন পরিষদে স্থায়ী ডেস্ক স্থাপন (সপ্তাহে ১ দিন সেবা চালু রাখা) ও ভলান্টিয়ারদের ইনসেনটিভ দেওয়া (সার্টিফিকেট + স্থানীয় চাকরিতে অগ্রাধিকার)।